বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

Green and Clean Work Environment

সবুজ ও পরিচ্ছন্ন কাজের পরিবেশে মানে হলো দূষনের অনুপস্থিতি ও উন্নত মানের জীবনযাত্রা। এই পরিবেশে কাজ করা কর্মীরা হয় সুখী ও স্বাস্থ্যবান হয়। আক্ষরিক অর্থে সবুজ ও পরিচ্ছন্ন কাজের পরিবেশে থাকে গাছের প্রাচুর্য। গাছ বিপদজনক গ্যাস শোষন করে আর অক্সিজেন প্রদান করার মাধ্যমে বাতাস বিশুদ্ধ করতে সাহায্য করে। একটি সবুজ ও পরিচ্ছন্ন কাজের পরিবেশ পেতে সব ধাপ অনুসরণ করতে হবে সেগুলো হলঃ

Use Reusable Bags:

কর্মক্ষেত্রে বিভিন্ন জিনিস বহনের জন্য ডিসপোজেবল ব্যাগের ব্যবহার কমিয়ে বা বন্ধ করে অবশ্যই পুনঃব্যবহারযোগ্য ব্যাগের ব্যবহার করুন।

Invest in a Reusable Water Bottle:

বর্তমানে সারা বিশ্বে প্রতি মিনিটে এক মিলিয়ন প্লাস্টিকের পানির বোতল ব্যবহার করে ফেলা হয়। অথচ বেশীরভাগ দেশেই এখন বোতলজাত পানি থেকে ট্যাপের পানিই বেশি নিরাপদ এবং সহজলভ্য। প্লাস্টিক বোতলের পরিবর্তে রিইউজেবল বা পুনঃব্যবহার উপযোগি পানির বোতল ব্যবহার করুন। যদি ভরসা থাকে তবে সরাসরি ট্যাপের পানি ব্যবহার করুন। না হলে আপনার অফিসের একটি ড্রিংকিং ওয়াটার ফিল্টার বসান। ফিল্টারের পানি বোতলজাত পানির চেয়ে সুস্বাদু এবং সুস্বাস্থ্যকর। আপনি যদি কর্মক্ষেত্রে ফ্রি বিশুদ্ধ ফিল্টার পানি প্রদান করেন, তাহলে আপনার সহকর্মীরা ডিসপোজেবল পানির বোতল ফেলে দিয়ে বারবার ব্যবহার করা যায় এমন বোতলে পানি খাওয়া শুরু করবে।

Reduce Use of Plastics (প্লাস্টিকের ব্যবহার কমান)

আধুনিক ব্যবসা প্রতিষ্ঠান এবং সোসাইটিতে প্লাস্টিকের প্লেট, কাটারি এবং কাপ ব্যবহারের কোন সুযোগ নেই। এখন আমরা জানি যে প্লাস্টিক কখনই নিঃশেষ হয়ে যায় না। কয়েক মিনিটের জন্য প্লাস্টিক খুবই দরকারি হলেও পরিবেশে সেটা থেকে যায় শতাব্দী ধরে, যা বন্যপ্রাণীর ক্ষতি সাধন, সাগর দূষণ এবং আমাদের ইকো

সিস্টেমের মারাত্মক ক্ষতি সাধন করে।

পরিচ্ছন্ন সবুজ পরিবেশ সৃষ্টি করার জন্য প্লাস্টিকের ব্যবহার কমানোর ক্ষেত্রে ওয়ার্কপ্লেসগুলো পালন করতে পারে বিরাট ভূমিকা। যেখানে একজন ব্যক্তি প্লাস্টিকের ব্যবহার কমিয়ে দিলেও সেটি পরিবেশ রক্ষায় ভুমিকা রাখবে। কর্মক্ষেত্রে সবাই যদি এই চর্চা শুরু করে তবে আসতে পারে উল্লেখযোগ্য দ্রুত পরিবর্তন।

২০১৫ সালে সারা বিশ্বে ৩২০ মিলিয়ন টনেরও বেশি প্লাস্টিক উৎপাদন হয়েছে। আমাদের বর্তমান ব্যবহারের হার অনুযায়ী, আগামী ২০ বছরে বিশ্বে প্লাস্টিকের উৎপাদন দ্বিগুণে দাঁড়াবে, যদি না আমরা আচরণ বা কার্যকলাপে সামগ্রিক কোন পরিবর্তন না আনি।

কর্মক্ষেত্রে কম প্লাস্টিক ব্যবহার করাটা কোন অসম্ভব কাজ নয়। কর্মক্ষেত্রে প্লাস্টিকের ব্যবহার কমানোর মধ্য দিয়ে বড় একটা পরিবর্তন নিয়ে আসার ক্ষেত্রে আমরা ভূমিকা রাখতে পারি।

Use of Renewable Energy (পুনঃনবায়নযোগ্য এনার্জির ব্যবহার করা)

রিনিউএবল এনার্জির মধ্যে সোলার এনার্জি, বায়োগ্যাস ইত্যাদি উল্লেখযোগ্য। বিকল্প সাধারন জ্বালানী হলো জীবাস্ম জ্বালানী, যা কিনা ভূগর্ভ থেকে তুলে আনতে হয় এবং যা এক সময় নিঃশেষ হয়ে যাবে।

সোলার এনার্জি কেন ব্যবহার করা উচিৎ? কারণ, সোলার এনার্জি হলঃ

- টেকসই এবং নবায়নযোগ্য।
- রক্ষণাবেক্ষণ খরচ কম। সোলার প্যানেল একবার সঠিকভাবে স্থাপন করে ফেললে এর নিয়মিত রক্ষণাবেক্ষণে তেমন কিছুই করার প্রয়োজন পড়ে না।
- শব্দহীন সার্ভিস। যেহেতু সূর্য থেকে তাপ নিয়ে বিদ্যুতে রূপান্তরিত করে, তাই সোলার প্যানেলে কোন প্রকারের শব্দ উৎপন্ন হয় না।
- পরিবেশ বান্ধব। সোলার ইলেক্ট্রিক পাওয়ার প্ল্যান্ট এবং ব্যক্তিগত প্ল্যান্ট থেকে কোন ক্ষতিকর পদার্থ নির্গমন হয় না অথবা পরিবেশের উপর এটা অন্য কোন

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

Green and Clean Work Environment

ভাবেও খারাপ প্রভাব ফেলে না।

সোলার সেলসমূহ সূর্যের আলোকে শোষণ করে এবং সূর্যের তাপকে বিদ্যুতে রূপান্তর করে। যে কেউ তাদের নির্দিষ্ট চাহিদা অনুযায়ী সোলার সিস্টেম ডিজাইন করতে পারে। এমনকি সোলার সিস্টেম বিদ্যমান ইলেকট্রিক সরবরাহ ব্যবস্থার সাথে সংযুক্ত করা যায়।